# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

**আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।**

**বিষয়ঃ ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ২০তম (২০২০-২১ অর্থ বছরের ৩য়) সভার কার্যবিবরণী।**

ফেব্রুয়ারি ০৭, ২০২১ তারিখ রবিবার ১০:০০ ঘটিকায় সংস্থার পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন) ও পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতিরিক্ত দায়িত্ব) এবং ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রূমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২ | জনাব মোঃ ছাকী হোসেন | কর্মচারী প্রধান ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি |
| ৩ | জনাব শ্যামলেন্দু দত্ত | প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪ | জনাব মোঃ গোলাম ফারুক | হিসাব নিয়ন্ত্রক ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫ | মীর মনির হোসেন | মহাব্যবস্থাপক, পিআইডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬ | জনাব এ বি এম ফেরদৌস | মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭ | জনাব শেখর ভট্টাচার্য্য | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৮ | ডঃ মোঃ মহিউদ্দিন | অতিঃ প্রধান রসায়নবিদ এবং মহাব্যবস্থাপক, আরপিডি (দায়িত্বপ্রাপ্ত) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সকল সম্মানিত কর্মকর্তা/টিমের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি ২০২০-২১ অর্থ বছরের ২য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এর তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি-কে অনুরোধ করেন।

৩.০ সভায় এ পর্যায়ে বিগত ১১ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২০-২১ অর্থ বছরের ২য় সভার কার্যবিবরণী উপস্থাপন করলে তাতে কারো কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে তা গৃহীত হয়।

**৪.০. আলোচনাঃ**

৪.১) ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি ২০২০-২১ অর্থ বছরের ২য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এর তথ্য উপাত্ত উপস্থিত সদস্যগণের নিকট নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| কার্যবিবরণীতে ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৫.১ | ইনোভেশন কমিটি কর্তৃক ১১ জানুয়ারি ২০২১ তারিখের সভায় এই কার্যবিবরণীর ৪.১ আলোচনায় উপস্থাপিত এবং সর্ব সম্মতিক্রমে প্রণীত "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অর্ধ-বার্ষিক স্ব- মূল্যায়ন" প্রতিবেদন বিসিআইসি এর চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী ১৫-০২-২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করার সুপারিশ করা গেল।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ১৪ জানুয়ারি ২০২১ তারিখে "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অর্ধ-বার্ষিক স্ব- মূল্যায়ন" প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| ৫.২ | বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন পরিকল্পনা অনুযায়ী এক দিনের ওরিয়েনটেশন/কর্মশালা/সেমিনার জানুয়ারি ২০২১ এর শেষ সপ্তাহে, উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ ফেব্রয়ারি ২০২১ এর ২য় সপ্তাহে এবং দুই দিনের মেন্টরিং কর্মশালা মার্চ ২০২১ এর শেষ সপ্তাহে আয়োজন করার পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | বিসিআইসি এর বার্ষিক ইনোভেশন পরিকল্পনা অনুযায়ী এক দিনের ওরিয়েনটেশন/কর্মশালা/ সেমিনার ০৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br>অবশিষ্ট প্রশিক্ষণসমূহ আয়োজনে সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি সচেষ্ট রয়েছে। |
| ৫.৩ | ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত দ্বাদশ (২০১৯-২০ অর্থ বছরের ১ম) সভার কার্যবিবরণীর (৪.১) নং সিদ্ধান্ত অনুযায়ী "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১" এর ক্রমিক ৯.১ এ উল্লিখিত "উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ ক্রেস্ট/পুরস্কার প্রদান" এর বিষয়টি বাস্তবায়নের জন্য উন্নতমানের ক্রেস্ট, সনদ ও অর্থ পুরস্কার প্রদান করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ০৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে প্রদান করা হয়েছে। |
| ৫.৪ | চলতি ২০২০-২১ অর্থ বছরের মার্চ/এপ্রিল এর মধ্যে নিজেদের উদ্যোগে "ইনোভেশন শোকেসিং" আয়োজনের মাধ্যমে বাস্তবায়নপূর্বক বিসিআইসি'র অনুকূলে পূর্ণসূচক অর্জনে সচেষ্ট হতে হবে।<br>বাস্তবায়নে: বিভাগীয় প্রধান, আরপিডি, বিসিআইসি। | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য কার্যবিবরণী আরপিডি বিভাগে প্রেরণ করা হয়েছে। "ইনোভেশন শোকেসিং" আয়োজনের জন্য আরপিডি বিভাগের সাথে যোগাযোগ অব্যহত রাখা হয়েছে। |

| | | |
|---|---|---|
| ৫.৫ | বিসিআইসি নিয়ন্ত্রণাধীন যে সকল কারখানা/প্রতিষ্ঠান তাদের ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে তাদের অর্ধ-বার্ষিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ১৪ জানুয়ারি ২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। জেএফসিএল ও টিএসপিসিএল তাদের অর্ধ-বার্ষিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করেছে। |

উপস্থাপিত ২০২০-২১ অর্থ বছরের ২য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এর মধ্যে বাস্তবায়নযোগ্য সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.২) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ বলেন যে, ১৭-০১-২০২১ তারিখে কর্মচারী বিভাগ পত্র নং ৩৬.০১.০০০০.১২৬.১৬.১৩১.২০২০/১০ এর মাধ্যমে জানানো হয়েছে যে, "প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল গঠনের ব্যাপারে সরকারের তাগিদ রয়েছে। এ পরিপ্রেক্ষিতে সংস্থার প্রশিক্ষনের মাধ্যমে দক্ষ মানব সম্পদ গড়ে তোলার জন্য নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগ কাজ করে যাচ্ছে। সংস্থা প্রণীত এপিএ-তে প্রশিক্ষণের নির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং প্রতিমাসের নির্দিষ্ট তারিখে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। এসংক্রান্ত মন্ত্রণালয়ের সাথে যাবতীয় কার্যক্রম নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগ সম্পাদন করে থাকে। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে সংস্থার কোন কোন বিভাগ স্ব-উদ্যোগে বিক্ষিপ্তভাবে বিভিন্ন প্রশিক্ষণ পরিচালনা করছে। এতে নিয়োগ উপ-বিভাগ কর্তৃক সংস্থার বাৎসরিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রস্তুতকরণ, এপিএ প্রণয়নে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারণ, মন্ত্রণালয়ে প্রশিক্ষণের তথ্য প্রেরণ ইত্যাদি কার্যক্রম সমন্বয়ে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায়, নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগের কাজের সুষ্ঠু সমন্বয়ের লক্ষ্যে সংস্থার প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ/শাখার চাহিদা অনুযায়ী যে কোন প্রশিক্ষণ প্রস্তাব অনুমোদন এবং প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত কার্যক্রম সংস্থার নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগের মাধ্যমে সম্পাদনের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হল"। বিষয়টি নিয়ে কর্মচারী প্রধান ও আমন্ত্রণক্রমে উপস্থিত নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগীয় প্রধান এর সাথে ইনোভেশন কমিটি এর বিস্তারিত আলোচনা হয়। ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ/ওয়ার্কসপ/সেমিনার ইত্যাদি ইনোভেশন কমিটি কর্তৃক আয়োজনের করে পরিসংখ্যানিক কার্যক্রমের স্বার্থে তথ্যসমূহ কর্মচারী প্রধান এর মাধ্যমে নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগে অবহিত করার বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৩) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ বলেন যে, বিসিআইসি এর বার্ষিক ইনোভেশন পরিকল্পনা অনুযায়ী এক দিনের ওরিয়েনটেশন/কর্মশালা/সেমিনার ০৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে সফলভাবে সম্পন্ন হয়ছে। এছাড়া উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ ফেব্রুয়ারি ২০২১ এর শেষ সপ্তাহে এবং দুই দিনের মেন্টরিং কর্মশালা মার্চ ২০২১ এর শেষ সপ্তাহে আয়োজন করা যেতে পারে এ বিষয়ে একটি পরিকল্পনা তৈরি করে পরিকল্পনা অনুযায়ী নথি উপস্থাপন করা যেতে পারে। বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন পরিকল্পনা শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজনের বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৪) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ বলেন যে, "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১" এর ক্রমিক ৬.১ ও ৬.২ এ উল্লিখিত "ইনোভেশন শোকেসিং/সার্কেল আয়োজন অগ্রগতি/পরিকল্পনা" এবং "শোকেসিং-এর মাধ্যমে রেপ্লিকেশনযোগ্য উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন অগ্রগতি/পরিকল্পনা" এপ্রিল/মে ২০২১ এর মধ্যে আয়োজন করা যেতে পারে। "বিসিআইসি এর বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১" এর ক্রমিক ১৫.১ এ উল্লিখিত "আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ" সম্পন্ন হয়েছে বিধায় "বিসিআইসি এর বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১" এর ক্রমিক ১৫.২ এ উল্লিখিত "আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ" কার্যক্রম অব্যহত রাখতে হবে। বিসিআইসি নিয়ন্ত্রণাধীন কারখানা/প্রতিষ্ঠানসমূহের প্রণীত বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত পরিকল্পনাসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে বিসিআইসি প্রধান কার্যালয়-এর ইনোভেশন কমিটি এর সদস্য/ইনোভেশন কমিটির মনোনীত সদস্যগণ-কে সম্পৃক্ত করতে হবে। সভার সভাপতি ও ইনোভেশন অফিসারের প্রস্তাবে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৫) ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি বিভাগ জানান যে, "বিসিআইসি'র বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ছক ২০২০-২০২১" এর ক্রমিক ২.১ এ ২০২০-২১ অর্থ-বছরে ইনোভেশন টিমের ০৬ টি সভা অনুষ্ঠান করার বাধ্যবাধকতা রয়েছে। ইতোমধ্যে ০২ টি সভা সম্পাদন করা হয়েছে। অবশিষ্ট ০৩ টি সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী করা যেতে পারে:

| ক্রম | নিয়মিত সভা | ২০২০-২১ অর্থ বছরের সভা | তারিখ | বার |
|---|---|---|---|---|
| ১ | ২১তম | ৪র্থ | ০২/০৩/২০২১ | মঙ্গলবার |
| ২ | ২২তম | ৫ম | ০৪/০৪/২০২১ | রবিবার |
| ৩ | ২৩তম | ৬ষ্ঠ | ০২/০৫/২০২১ | রবিবার |

এ বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৬) ইনোভেশন কমিটির সভায় উন্নতমানের ফাইল ও কলমের আয়োজন করা যেতে পারে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইনোভেশন খাত থেকে ভ্যাট ও ট্যাক্সসহ সমন্বয়যোগ্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা বাজেট ছাড় নিয়ে ইনোভেশন কমিটির প্রতিটি সভায় বিভিন্ন খরচ যেমন: কাগজ, উন্নতমানের কলম, ফাইল, নাস্তা ইত্যাদি বাবদ ব্যয় করার জন্য উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৭) পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম জনাব মোঃ শাহীন কামাল বলেন যে, সংস্থাধীন কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্প পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের ইনোভেশন কার্যক্রমে উৎসাহিত করার নিমিত্ত ০৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত উদ্ভাবনী পুরস্কার বিতরণী অনুষ্ঠান এর ছবি ও তথ্য প্রান্তিক পর্যায়ের সকলের কাছে পৌঁছানোর ব্যবস্থা করা যেতে পারে। চলতি ২০২০-২১ অর্থ বছরের এপ্রিল/মে এর মধ্যে নিজেদের উদ্যোগে সংস্থাধীন প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানে "ইনোভেশন শোকেসিং" আয়োজনের মাধ্যমে বাস্তবায়নপূর্বক বিসিআইসি এর অনুকূলে পূর্ণসূচক অর্জনের লক্ষ্যে ইনোভেশন পুরস্কার প্রাপ্তদের নিয়ে একটি পোস্টার স্ট্যান্ড করত: বিভিন্ন স্থানে প্রদর্শন করা যেতে পারে যাতে করে কারখানা/প্রতিষ্ঠানের

সর্বোস্তরের শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাগণ ইনোভেশনে উদ্বুদ্ধ/প্রত্যাদিষ্ট/অনুপ্রাণিত হয়। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইনোভেশন খাত থেকে ভ্যাট ও ট্যাক্সসহ সমন্বয়যোগ্য ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা বাজেট ছাড় নিয়ে এই সিদ্ধান্ত বাস্তবায়ন করা যেতে পারে। এ বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৮) মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান আইসিটি এবং ইনোভেশন কমিটির সদস্য-সচিব জনাব এ বি এম ফেরদৌস জানান যে, ১৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখের শিল্প মন্ত্রণালয় স্মারক নং-৩৬.০০.০০০০.০৭৩.১৬.০০১.১৮.৮৮ পত্রে নির্দেশনা নিম্নরূপ:
"তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ এর কর্মপরিকল্পনার করণীয় বিষয়সমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থায় এ সংক্রান্ত কমিটি গঠনপূর্বক কার্যক্রম গ্রহণ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়েছে"। উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে সংস্থার চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে কমিটি গঠন করা হয়। অনুমোদন অনুযায়ী ০৯ অক্টোবর ২০১৯ তারিখে বিসিআইসি প্রধান কার্যালয়ের বোর্ড ও সমন্বয় উপ-বিভাগ নং:৩৬.০১.২৬৫৪.৪৮৬.০৬.০০১.১৮.২৫৪ এর মাধ্যমে জারিকৃত দপ্তরাদেশ টি শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত দপ্তরাদেশে বর্ণিত "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮" এর কর্মপরিকল্পনার পর্যায়ক্রমিক ক্রম এর করণীয় বিষয়সমূহ সভায় আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটি নিম্নোক্ত ০৫ (পাঁচ)টি বিষয় কার্যপরিধি করে একটি সাব কমিটি গঠন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

| কর্মপরিকল্পনার ক্রম | কার্যপরিধি |
|---|---|
| ১.১.১ | সকল সরকারি সেবা যে কোনো স্থান হতে সহজে, স্বচ্ছভাবে, কম খরচে, কম সময়ে ডিজিটাল ডিভাইসের মাধ্যমে প্রাপ্তি নিশ্চিতকরণের বিষয় নির্ধারণ। |
| ১.১.২ | ডিজিটাল পদ্ধতিতে সকল সেবা গ্রহণে নাগরিকদের সক্ষমতা উন্নয়ন ও অবহিতকরণে ব্যবস্থা গ্রহণের পদ্ধতি উদ্ভাবন। |
| ১.১.৩ | সকল মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরের ডিজিটাল সার্ভিস প্রদানের ক্ষেত্রে সার্ভিস চিহ্নিতকরণ, ক্রয়ের ব্যবস্থাকরণ ও বাস্তবায়নের উদ্দেশ্যে প্রস্তাব প্রণয়ন। |
| ১.১.৮ | ডিজিটাল সরকার বাস্তবায়নের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/দপ্তর কর্তৃক ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন রোডম্যাপ প্রণয়ন ও তথ্যপ্রযুক্তি ব্যবস্থার মাধ্যমে বাস্তবায়ন সমন্বয়করণের জন্য সুপারিশ প্রণয়ন। |
| ১.১.১৩ | সর্বস্তরে ডিজিটাইজেশনের প্রতিবন্ধকতাগুলো চিহ্নিতকরণ, দূরীকরণ ও অগ্রগতির পরিমাপযোগ্য নির্ণায়ক নির্ধারণপূর্বক প্রস্তাব পেশ। |

"জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮" এর সংস্থা সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য গঠিত কমিটির ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী কর্মচারী বিভাগের উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব মুহাম্মদ সোলায়মান-কে আহ্বায়ক, হিসাব বিভাগের উপ-প্রধান হিসাবরক্ষক জনাব মোহাম্মদ সালাহউদ্দিন-কে সদস্য এবং আইসিটি বিভাগের অপারেশন অফিসার জনাব এ এম রেফাত উল্যাহ-কে সদস্য করে প্রশাসন বিভাগ সাব কমিটি এর দপ্তরাদেশ জারি করে।

"জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮" এর কর্মপরিকল্পনার ১.১.৩ এ উল্লেখ রয়েছে যে, "সকল মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরের ডিজিটাল সার্ভিস প্রদানের ক্ষেত্রে সার্ভিস চিহ্নিতকরণ, ক্রয়ের ব্যবস্থাকরণ ও বাস্তবায়নের উদ্দেশ্যে প্রতিষ্ঠানের শীর্ষ পর্যায়ের স্থায়ী (যেমন Chief Innovation Officer/ Innovation Officer/ICT Focal Point) কর্মকর্তাকে দায়িত্ব প্রদান"। উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮" এর সংস্থা সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য গঠিত কমিটির আহ্বায়কের নিকট প্রশাসন বিভাগ কর্তৃক জারিকৃত দপ্তরাদেশ মতে সাব কমিটি প্রতিবেদন জমা প্রদান করলে তা ইনোভেশন কমিটির সভায় আলোচনার জন্য উপস্থাপন করার নিমিত্ত উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৯) প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি জনাব শ্যামলেন্দু দত্ত এর চাকুরী জীবন আগামী ০৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখে শেষ হবে। বিষয়টি ইনোভেশন কমিটির ২০তম সভায় অবহিত হওয়ার পর ইনোভেশন কমিটির পক্ষে সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি জনাব শ্যামলেন্দু দত্ত এর কর্মজীবনের বিভিন্ন স্মৃতি ও কৃতিত্ব নিয়ে আলোচনান্তে ধন্যবাদ জ্ঞাপন করেন ও অবসর জীবনের সুস্বাস্থ্য কামনা করেন।

**৫. <u>সভার সিদ্ধান্তসমূহ:</u>**

৫.১) ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ/ওয়ার্কসপ/সেমিনার ইত্যাদি ইনোভেশন কমিটি কর্তৃক আয়োজনের করে পরিসংখ্যানিক কার্যক্রমের স্বার্থে তথ্যসমূহ কর্মচারী প্রধান এর মাধ্যমে নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগ-কে পৃথকভাবে অবহিত করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.২) বিসিআইসি এর বার্ষিক ইনোভেশন পরিকল্পনা অনুযায়ী দুই দিনের প্রশিক্ষণ ফেব্রুয়ারি ২০২১ এর শেষ সপ্তাহে এবং দুই দিনের মেন্টরিং কর্মশালা মার্চ ২০২১ এর শেষ সপ্তাহে আয়োজন করার পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৩) "আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ" কার্যক্রম অব্যহত রাখতে বিসিআইসি নিয়ন্ত্রণাধীন কারখানা/প্রতিষ্ঠানসমূহের প্রণীত বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত পরিকল্পনাসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে বিসিআইসি প্রধান কার্যালয়-এর ইনোভেশন কমিটি এর সদস্য/ইনোভেশন কমিটির মনোনীত সদস্যগণ-কে সম্পৃক্ত করতে হবে। এ বিষয়ে কারখানা/প্রতিষ্ঠানসমূহে পত্র প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৪) চলতি ২০২০-২১ অর্থ বছরের এপ্রিল/মে এর মধ্যে নিজেদের উদ্যোগে সংস্থাধীন প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানে "ইনোভেশন শোকেসিং" আয়োজনের মাধ্যমে বাস্তবায়নপূর্বক বিসিআইসি এর অনুকূলে পূর্ণসূচক অর্জন করা যায়। সে লক্ষ্যে ইনোভেশন পুরস্কার প্রাপ্তদের নিয়ে একটি পোস্টার স্ট্যান্ড করত: বিভিন্ন স্থানে প্রদর্শন করতে হবে যাতে করে কারখানা/প্রতিষ্ঠানের সর্বোস্তরের শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাগণ ইনোভেশনে উদ্বুদ্ধ হয়। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইনোভেশন খাত থেকে ভ্যাট ও ট্যাক্সসহ সমন্বয়যোগ্য ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা বাজেট ছাড় নিয়ে এই সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।

বাস্তবায়নে: আইসিটি বিভাগীয় প্রধান ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি এবং বিভাগীয় প্রধান, আরপিডি, বিসিআইসি।

৫.৫) কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইনোভেশন খাত থেকে ভ্যাট ও ট্যাক্সসহ সমন্বয়যোগ্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা বাজেট ছাড় নিয়ে ইনোভেশন কমিটির প্রতিটি সভায় বিভিন্ন খরচ যেমন: কাগজ, উন্নতমানের কলম, ফাইল, নাস্তা ইত্যাদি ব্যয় করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৬) সংস্থাধীন কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্প পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের ইনোভেশন কার্যক্রমে উৎসাহিত করার নিমিত্ত ০৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত উদ্ভাবনী পুরস্কার বিতরণী অনুষ্ঠান এর ছবি ও তথ্য প্রান্তিক পর্যায়ের সকলের কাছে পৌঁছানোর ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৭) "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮" এর কর্মপরিকল্পনার ১.১.৩ এ উল্লিখিত "সকল মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরের ডিজিটাল সার্ভিস প্রদানের ক্ষেত্রে সার্ভিস চিহ্নিতকরণ, ক্রয়ের ব্যবস্থাকরণ ও বাস্তবায়নের উদ্দেশ্যে প্রতিষ্ঠানের শীর্ষ পর্যায়ের স্থায়ী (যেমন Chief Innovation Officer/ Innovation Officer/ICT Focal Point) কর্মকর্তাকে দায়িত্ব প্রদান" কর্মপরিকল্পনা অনুযায়ী "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮" এর সংস্থা সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য গঠিত কমিটির আহ্বায়কের নিকট প্রশাসন বিভাগ কর্তৃক জারিকৃত দপ্তরাদেশ মতে সাব কমিটি প্রতিবেদন জমা প্রদান করলে তা ইনোভেশন কমিটির সভায় আলোচনার জন্য উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৮) ইনোভেশন কমিটির অবশিষ্ট ০৩ টি সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:

| ক্রম | নিয়মিত সভা | ২০২০-২১ অর্থ বছরের সভা | তারিখ | বার |
|---|---|---|---|---|
| ১ | ২১তম | ৪র্থ | ০২/০৩/২০২১ | মঙ্গলবার |
| ২ | ২২তম | ৫ম | ০৪/০৪/২০২১ | রবিবার |
| ৩ | ২৩তম | ৬ষ্ঠ | ০২/০৫/২০২১ | রবিবার |

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৪/২০২১

(মোঃ লুৎফর রহমান, এফসিএমএ)
পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন)
ও
পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতি: দা:)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।